পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

পদক্ষেপ ই-নিউজ

(পদক্ষেপ এর একটি মাসিক 'ই' সাময়িকী)

৬ষ্ঠ বর্ষ ■ ৬৬ তম সংখ্যা ■ আগষ্ট ২০১৮

সমিতি ম্যাপিং করে ক্লাষ্টার ভিত্তিক সমিতি গড়ব, কর্ম এলাকায় সংস্থার অবস্থান সুদৃঢ় করব।

কমিউনিটিতে গড়ে তুলুন আদর্শ সমিতি, ঘরে ঘরে বৃদ্ধি পাবে পদক্ষেপ এর সুখ্যাতি।

১৫ আগষ্ট দেশব্যাপী পদক্ষেপ এর সকল কার্যালয়ে জাতীয় শোক দিবস পালন

১৫ আগষ্ট পালিত হলো দেশব্যাপী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস। এ উপলক্ষে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর নির্দেশনা মোতাবেক পদক্ষেপ দেশব্যাপী তার সকল কার্যালয়ে গভীর শোক, শ্রদ্ধা ও যথাযোগ্য মর্যাদায়, সার্বজনীনভাবে পালন করলো জাতীয় শোক ও স্মরণ দিবস। জাতীয় শোক দিবস পালন উপলক্ষে পদক্ষেপ এর বিভিন্ন কর্মসূচির মধ্যে ছিল, সূর্যোদয়ের পরপরই অফিস ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত করে উত্তোলন করা, শোক র‍্যালী, ফাতেহা পাঠ, মিলাদ মাহফিল, দোয়া ও আলোচনা অনুষ্ঠান। দোয়া ও আলোচনা অনুষ্ঠানে উর্ধ্বতন কর্মকর্তারা বক্তব্য প্রদান করেন।

এছাড়া ঢাকাতে পদক্ষেপ এর প্রধান কার্যালয়ের স্টাফদের সমন্বয়ে শোক র‍্যালী ও ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু'র প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়। এসময় এমএরএ, পদক্ষেপ ও এমএরএভুক্ত বেশ কিছু প্রতিষ্ঠানের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ র‍্যালী ও শ্রদ্ধা নিবেদনে অংশগ্রহণ করেন। এরপর সংস্থার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম) এর সেমিনার কক্ষে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে পদক্ষেপ এর নির্বাহী পরিচালক ও পরিচালক মহোদয়'সহ প্রধান কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা বক্তব্য রাখেন। পরে ১৫ আগষ্টে বঙ্গবন্ধু'সহ শাহাদাত বরণকারী সকলের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।

সম্মানিত নির্বাহী পর্ষদ সদস্যের ফেনী সদর ব্রাঞ্চ পরিদর্শন

পদক্ষেপ এর নির্বাহী পর্ষদ সম্মানিত সদস্য জনাব এ, এইচ, এম, সাদিকুল হক গত ২৭ আগষ্ট ২০১৮ তারিখ কক্সবাজার এবং ২৮ আগষ্ট ফেনী সদর ব্রাঞ্চ পরিদর্শন করেন। পরিদর্শন কালে তিনি ব্রাঞ্চের ম্যানেজার, ব্রাঞ্চ অফিসার ও সিএম'দের সাথে আলোচনা করেন এবং কার্যক্রম পরিচালনায় তাদের কোন সমস্যা হচ্ছে কিনা সে বিষয়ে জানতে চান। এছাড়া ব্রাঞ্চ পরিচালনায় সংস্থার নীতিমালা মোতাবেক সদস্য ভর্তি, ঋণ বিতরণ,

বকেয়া আদায় ইত্যাদি বিষয়ের ওপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন। পাশাপাশি দৈনিক ঋণের কিস্তির টাকা আদায় করার জন্য সবাইকে পরামর্শ দেন। এছাড়া তিনি বিভিন্ন দিকনির্দেশনা মুলক আলোচনা করেন এবং সংস্থার স্থায়িত্বশীলতা বৃদ্ধিকরনে কাজ করার পরামর্শ দেন। এসময় পরিদর্শন রেজিষ্টারে তিনি তার মতামত ও মন্তব্য লিপিবদ্ধ করেন। সংশ্লিষ্ট ব্রাঞ্চের বিভিন্ন কর্মী/কর্মকর্তাগন পরিদর্শনকালে উপস্থিত ছিলেন।

কৃতি ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তির চেক প্রদান

পিকেএসএফ তার 'কর্মসহায়ক তহবিল' এর আওতায় ক্ষুদ্রঋণ কার্যক্রমভূক্ত উপকারভোগীদের কৃতি ও মেধাবী সন্তানদের জন্য প্রতি বছর শিক্ষাবৃত্তি প্রদান করে থাকে। এসএসসি'তে জিপিএ ৪ থেকে ৫ এবং এইচএসসি'তে জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীদেরকে মূলত এ শিক্ষাবৃত্তি দেয়া হয়। শিক্ষাবৃত্তির মূল্য বর্তমানে জনপ্রতি ১২০০০/- (বার হাজার) টাকা। পাশাপাশি বৃত্তিপ্রাপ্ত ঐ একই শিক্ষার্থী যারা সফলভাবে ১ম বর্ষ শেষ করে ২য় বর্ষে উঠেছে তাদেরকে আবারও জনপ্রতি ১২০০০/- টাকা প্রদান করা হচ্ছে।

এ মাসে পদক্ষেপ এর উপকারভোগীদের মেধাবী ছেলে-মেয়েদের মধ্যে ৬৬ জন এসএসসিতে এবং ৪৬ জন এইচএসসি'তে (কলেজে অধ্যয়নরত অর্থাৎ ২য় দফায়) সর্বমোট ১১২ জন মোট ১৩,৪৪,০০০/- (তের লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকার শিক্ষাবৃত্তি পেয়েছে। মাঠ পর্যায়ে জনপ্রতিনিধি, ইউএনও, শিক্ষা অফিসার'সহ সরকারী ও বেসরকারী বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের উপস্থিতিতে পদক্ষেপ উক্ত শিক্ষার্থীদের মাঝে চেক বিতরণ করেছে। এরমধ্যে ঢাকা জোনে-৯, রাজশাহী জোনে-১০, রংপুরে-১২, ময়মনসিংহে-৪, ফরিদপুরে-৬, বরিশালে-১৪, চট্টগ্রামে (উ:)-৮, চট্টগ্রামে (দ:)-১০, বি-বাড়িয়ায়-৯, দিনাজপুরে-৯, যশোরে-৩, ভোলাতে-৭ ও পটুয়াখালী জোনে ১১ জন অর্থাৎ মোট ১১২ জনকে অনুষ্ঠানের মাধ্যমে চেক প্রদান করা হয়।

বৃত্তি প্রদান অনুষ্ঠানগুলোতে সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (সিএসবি), উপজেলা নির্বাহী অফিসার, জেলা ও উপজেলার শিক্ষা অফিসার, ইউ.পি চেয়ারম্যান'সহ সরকারী বেসরকারী উর্ধ্বতন কর্মকর্তারা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া জোনের চেক বিতরণ সংশ্লিষ্ট প্যানেল লিডার, জোনাল ও এরিয়া ম্যানেজারের উপস্থিতিতে প্রদান করা হয়। শিক্ষার্থীদের শিক্ষা গ্রহনের ক্ষেত্রে শিক্ষাবৃত্তি সহায়ক ভুমিকা পালন করবে বলে অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দ আশা প্রকাশ করেন। পাশাপাশি এর ধারাবাহিকতা অব্যাহত রাখার উপর গুরুত্ব আরোপ করা হয়। অতিথিবৃন্দ পিকেএসএফ ও পদক্ষেপকে এধরনের উদ্যোগের জন্য ধন্যবাদ জানান। অনুষ্ঠানে সংশ্লিষ্ট জোন, এরিয়া ও ব্রাঞ্চের ম্যানেজার'সহ বিভিন্ন পর্যায়ের কমকর্তাবৃন্দ, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। পিকেএসএফ এর এই মহতী উদ্যোগ দেশব্যাপী অতিদরিদ্র মেধাবী শিক্ষার্থীদের শিক্ষামুখী করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উল্লেখ্য, পিকেএসএফ এর শিক্ষাবৃত্তি কর্মসূচীর আওতায় এ পর্যন্ত ৪৩৬ জন শিক্ষার্থীর মাঝে মোট ৬,০৯৬,০০০/- টাকার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে।

২য় পৃষ্ঠায় দেখুন

উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে দক্ষ জনশক্তি, দক্ষ মানব সম্পদ তৈরীতে প্রশিক্ষণই হলো মূল ভিত্তি।

বাংলাদেশ ব্যাংকের বরিশাল শাখার উর্ধ্বতন কর্মকর্তাদের ভোলা জোনের কৃষি ঋণের কাযক্রম পরিদর্শন

বাংলাদেশ ব্যাংকের বরিশাল শাখার উপ-মহাব্যবস্থাপক ও উপ-পরিচালক মহোদয় গত ১ আগষ্ট ২০১৮ তারিখ হতে ৩ দিন পর্যন্ত ভোলা জোনের কৃষি ঋণের বিভিন্ন কার্যক্রম পরিদশন করেন। ব্যাংকের কর্মকর্তারা ব্রাঞ্চের কয়েকটি সমিতি ও সদস্যদের আইজিএ পরিদর্শন করেন এবং সদস্যদের গ্রহণকৃত ঋণের বিষয়ে আলোচনা করেন। এ সময় সংশ্লিষ্ট জোন, এরিয়া ও ব্রাঞ্চ ম্যানেজারগন উপস্থিত ছিলেন।

রংপুর জোনের বিভিন্ন সমিতির সভাতে টেবিল চেয়ারের ব্যবহার শুরু

রংপুর জোনের সকল সমিতিতে সদস্যদের বসার জন্য বেঞ্চ ও সাপ্তাহিক মিটিং পরিচালনার জন্য টেবিল চেয়ার ব্যবহার করার সিদ্ধান্তের আলোকে গত ৫ আগষ্ট ২০১৮ তারিখে রংপুর জোনের তারাগঞ্জ এরিয়ার তারাগঞ্জ ব্রাঞ্চ ও ইকরচালী ব্রাঞ্চের ২টি সমিতিতে টেবিল, চেয়ার ও বেঞ্চ এর ব্যবহার শুরু করা হয়। তারাগঞ্জ ব্রাঞ্চের আখিরা মহিলা সমিতি ও ইকরচালী ব্রাঞ্চের পদ্মা মহিলা সমিতিতে রংপুর জোনের জোনাল ম্যানেজার ও তারাগঞ্জ এরিয়ার এরিয়া ম্যানেজার'সহ সংশ্লিষ্ট ব্রাঞ্চ ম্যানেজার উপস্থিত থেকে সমিতিতে টেবিল, চেয়ার ও বেঞ্চ এর ব্যবহার কার্যক্রম পরিদর্শন করেন।

দিনাজপুর জোনের বিরামপুর এরিয়া ও ব্রাঞ্চ অফিসের ঠিকানা পরিবর্তন

দিনাজপুর জোনের বিরামপুর এরিয়া ও ব্রাঞ্চ অফিস এবং সৈয়দপুর এরিয়ার নীলফামারী ব্রাঞ্চ অফিসের ঠিকানা পরিবর্তন হয়েছে। কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। পরিবর্তনকৃত বিরামপুর এরিয়া ও ব্রাঞ্চ অফিসের নতুন ঠিকানা হচ্ছে, গ্রামঃ চকপাড়া (থানা সংলগ্ন), ডাকঘর ও উপজেলাঃ বিরামপুর, জেলা-ঃ দিনাজপুর এবং নীলফামারী ব্রাঞ্চ অফিসের ঠিকানা, গ্রাম- শান্তি নগর, বাড়ি নং-১১২৪, ডাকঘর, উপজেলা ও জেলা ঃ নীলফামারী । এখন থেকে পরিবর্তিত ঠিকানায় অফিসগুলোর সকল কার্যক্রম পরিচালিত হবে।

ফরিদপুর ও পটুয়াখালী জোনের দায়ীত্ব পরিবর্তন ও পরিচিতি সভা

ক্ষুদ্র অর্থায়ন কর্মসুচির প্যানেল-৩ এর উপব্যবস্থাপক মোঃ আবুল বাশারকে ফরিদপুর জোনের পরিবর্তে পটুয়াখালী জোনের নতুন দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি এখন থেকে বরিশাল ও ভোলার পাশাপাশি পটুয়াখালী জোনের প্যানেল লিডার হিসেবে দায়িত্ব পালন করবেন। এ উপলক্ষ্যে তিনি গত ৮ আগষ্ট ২০১৮ তারিখে পটুয়াখালী জোনের স্টাফদের সাথে মত বিনিময় করেন। এসময় পটুয়াখালী জোনের জোনাল ম্যানেজার মোঃ মোর্শেদুজ্জামান'সহ পটুয়াখালী এরিয়ার এরিয়া ম্যানেজার ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ তার আগমন উপলক্ষে ফুলের তোড়া দিয়ে স্বাগত জানান।

পরে তিনি পটুয়াখালী সদর ব্রাঞ্চের রূপা মহিলা সমিতি ইন্সপেকশন করেন। ইন্সপেকশন কালে তিনি সদস্যদের গৃহীত ঋণের খাত, ঋণের কিস্তি জমা ও ঋণস্থিতি ও জমাকৃত সঞ্চয় নিয়ে আলোচনা করেন। তিনি সদস্যদের সাথে কুশল বিনিময় করেন এবং বিভিন্ন বিষয় নিয়েও কথা বলেন। ইন্সপেশনের সময় উপস্থিত ছিলেন পটুয়াখালী এরিয়ার এরিয়া ম্যানেজার মোঃ আলী আকবর ও সংশ্লিষ্ট সি.এম।

অপরদিকে পটুয়াখালী জোনের পরিবর্তে ফরিদপুর জোনের দায়ীত্ব প্রদান করা হয়েছে প্যানেল-৪ এর উপব্যবস্থাপক মোঃ মোস্তফা সরদারকে। তিনি এখন থেকে যশোর ও রাজশাহী জোনের পাশাপাশি ফরিদপুর জোনের প্যানেল লিডার হিসেবে দায়িত্ব পালন করবেন। এ উপলক্ষে গত ৯ আগষ্ট ২০১৮ তারিখে জোনের পক্ষ থেকে পরিচিত সভা ও নতুন দায়িত্বপ্রাপ্ত উপব্যবস্থাপককে ফুলেল শুভেচ্ছা জানান জোনের জোনাল ম্যানেজার'সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

পরিচিতি সভায় তিনি দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং আগামীতে ফরিদপুর জোনকে একটি টেকসই ও মডেল জোন হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। সভায় জোনের জোনাল ম্যানেজার'সহ সকল এরিয়া ও ব্রাঞ্চ ম্যানেজারগন উপস্থিত ছিলেন।

পিআইডিএম এর কার্যক্রম

পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম)-এ প্রশিক্ষণের সব ধরনের আধুনিক প্রযুক্তিগত সুযোগ সুবিধার পাশাপাশি প্রশিক্ষণার্থীদের জন্য ডাইনিং এবং আবাসনেরও সুবন্দোবস্ত রয়েছে। পিআইডিএম পদক্ষেপ'সহ সরকারী বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করে আসছে। পিআইডিএম আগষ্ট ২০১৮ সময়ের মধ্যে ৪টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ৭৩২ জন কর্মী/উপকারভোগীকে ৪টি ব্যাচে প্রশিক্ষণ সুবিধার পাশাপাশি ৫৭০ জনকে খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করেছে। এছাড়া এ মাসে ড্যানিশ ফুড লিমিটেড কোম্পানি পিআইডিএম এর সাথে নতুনভাবে যুক্ত হয়ে সেবা নিয়েছে।

রেমিটেন্স কার্যক্রমের লেনদেন

আগষ্ট ২০১৮ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ১৭৭৯ জন গ্রাহককে ৫,৯৮,৬৪,৯৩৭ টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এপর্যন্ত পদক্ষেপ মোট ১,০৩,৫৬০ জন গ্রাহককে ২৮৪,৬৯,৭৭,৯১৬ টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, ইনস্ট্যান্ট ক্যাশ, রিয়া'সহ মোট ২৮টি এক্সচেঞ্জ হাউজ/প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরীত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে। ইতিমধ্যে ২৪৭টি ব্রাঞ্চে এক্সপ্রেস মানি'র ২০০টি সাইনবোর্ড স্থাপন করা হয়েছে।

এ মাসে পদক্ষেপে নিয়োগ

আগষ্ট ২০১৮ মাসে ক্ষুদ্রঋণ কর্মসূচীর মাঠ পর্যায়ে বি.এম পদে ৯ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। এরমধ্যে ঢাকা জোনে ৩ জন, ময়মনসিংহ জোনে ১ জন, বি-বাড়িয়া জোনে ১ জন, পটুয়াখালী জোনে ১ জন ও রংপুর জোনে ১ ও দিনাজপুর জোনে ২ জনকে নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া ঢাকা জোনে ১৬ ও ময়মনসিংহ জোনে ৯ জনকে সি.এম পদে এবং আশুগঞ্জ এরিয়াতে ১ জন অফিস সহকারী'সহ সর্বমোট ৩৫ জনকে এমাসে নিয়োগ দেয়া হয়েছে।

কর্মী কল্যান তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

আগষ্ট ২০১৮ মাসে ২০ জন কর্মীকে সিপিএফ এর মোট ১১,২৫,১২২/- টাকা এবং ১৯ জন কর্মীকে কল্যান তহবিলের মোট ৭০,৮০০/- টাকা ফেরত প্রদান করা হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বীমা প্রোগ্রাম থেকে ২০ জনকে ১,৯৪,৬০০/- টাকা ফেরত প্রদান এবং কর্মী কল্যাণ তহবিল থেকে এ মাসে ৭ জনকে ৯০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে।

প্রশিক্ষণ মানুষের জ্ঞান বাড়ায়, দক্ষতা ও আচারণের ইতিবাচক পরিবর্তন করে।

যে ন্যায়ের পক্ষে, সে সত্যের পক্ষে

পাবলিকেশন ও ডকুমেন্টেশন সেকশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো।

নিজে সৎ থাকুন অন্যকে সৎ থাকতে সাহায্য করুন

ই-নিউজ পড়ুন পদক্ষেপ এর সমসাময়িক ঘটনাবলী জানুন এবং ইমেইলের মাধ্যমে আপনার মতামত প্রদান করুন।